

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী :

- সভাপতি : জনাব তাহমিনা সুলতানা, উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
- সভার তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১৯ ইং ।
- সময় : বেলা ৩.০০ ঘটিকা।
- স্থান : উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা মহোদয়ের অফিস কক্ষ।
- উপস্থিতি : ১। জনাব তাহমিনা সুলতানা, উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।  
২। জনাব তাহমিনা বেগম, উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।  
৩। জনাব মোহাম্মদ আলী চৌধুরী, সহ:পরি: (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।  
৪। জনাব শহীদুল ইসলাম নিজামী সহ:পরি: (প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।  
৫। জনাব এ.কে. এম ইয়াহিয়া, সহ:পরি: (অতি:দা : প্রশাসন), জাতীয় মহিলা সংস্থা।  
৬। জনাব লায়লা আরজুমান বানু, সহ:পরি (চলতি দা:প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।  
৭। জনাব ইয়াছির আরাফাত, সহকারী প্রোগ্রামার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।  
৮। শ্রী বিনয় কুমার রায়, প্রশিক্ষক কম্পিউটার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।  
৯। জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।

জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের সভাপতি সংস্থার পরিচালক মহোদয়ের পদটি শূন্য হওয়ায় সংস্থার উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা) এবং ইনোভেশন টিমের সদস্য জনাব তাহমিনা সুলতানার প্রতিনিধিত্বে সভা আহ্বান করা হয় এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১। জাতীয় মহিলা সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি	সংস্থার উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা) জনাব তাহমিনা সুলতানা জাতীয় মহিলা সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানান যে, ইতোমধ্যে পরিকল্পনা অনুযায়ী 'বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, মন্ত্রণালয়ে প্রেরণ, সংস্থার ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী গত ১১/৯/১৯ তারিখ A2i এর সহযোগিতায় ইনোভেশন টিমের কর্মশালা অনিষ্ঠিত হয়েছে। এছাড়াও বার্ষিক কর্মপরিকল্পনার ক্যালেন্ডার অনুযায়ী সকল কার্যক্রম ১০০% যথাসময়ে বাস্তবায়ন করার জন্য তিনি উদ্ভাবনী টিমকে অনুরোধ জানান।  সিদ্ধান্ত : বার্ষিক কর্মপরিকল্পনার ক্যালেন্ডার অনুযায়ী সকল কার্যক্রম ১০০% যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সংস্থা ইনোভেশন টিম।

বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
<p>২। সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের ২টি উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়নের জন্য উদ্যোগগ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা ;</p>	<p>২. উপপরিচালক মহোদয় সভাকে অবহিত করেন যে, জাতীয় মহিলা সংস্থার ২০১৯-২০ অর্থ বছরে ২টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p> <p>১. প্রশিক্ষণ ভাতা প্রদান প্রক্রিয়া সহজীকরণ : বর্তমানে জাতীয় মহিলা সংস্থার ৬৪ টি জেলা এবং ৫০টি উপজেলার ট্রেড প্রশিক্ষণার্থীদের ভাতা সংস্থার বেতন ভাতা বাজেটের সাথে প্রদান করা হয়। এতে প্রশিক্ষণার্থীরা তাদের প্রাপ্য অর্থ হাতে পেতে বিলম্ব হয়, কখনও কখনও অনিয়মেরও অভিযোগ পাওয়া যায়। এসকল অনিয়ম ও সময় ক্ষেপন থেকে এ সেবাকে সহজীকরণের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টের/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়।</p> <p>এ উদ্যোগকে বাস্তবায়নের ক্ষেত্রে কি কি কার্যক্রম গ্রহণ করতে হবে এ বিষয়ে সংস্থায় নিযুক্ত সহকারী প্রোগ্রামার জনাব ইয়াছির আরাফাতের নিকট জানতে চাইলে তিনি উক্ত কাজে দক্ষ, অর্থ সাশ্রয়ী এমন কিছু প্রতিষ্ঠানের নিকট যোগাযোগ করে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের মত প্রকাশ করেন। এ বিষয়ে যে অর্থ ব্যয় হবে তা কোথা থেকে নির্বাহ করা হবে সে সম্পর্কে সংস্থার সহকারী পরিচালক( হিসাব ও অর্থ )জনাব মোহাম্মদ আলী চৌধুরীর নিকট জানতে চাইলে তিনি বলেন, যেহেতু চলতি অর্থ বছরে সংস্থায় ইনোভেশন খাতে কোন অর্থ বরাদ্দ নেয়া হয়নি। সেক্ষেত্রে সংস্থার প্রশিক্ষণ ব্যয় খাত হতে উক্ত ব্যয় সরবরাহ করা হবে। একই সাথে সংস্থার সংশোধনী বাজেটে ইনোভেশন খাতে কোড নম্বরসহ বরাদ্দ চাওয়া হবে।</p> <p>সিদ্ধান্ত : দ্রুত উক্ত কাজে দক্ষ, অর্থ সাশ্রয়ী এমন কিছু প্রতিষ্ঠানের নিকট যোগাযোগ করে বিধি অনুযায়ী প্রশিক্ষণার্থীদের নামে একাউন্ট করে সরাসরি অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে সংস্থার সংশোধনী বাজেটে ইনোভেশন খাতে কোড নম্বরসহ বরাদ্দ চাইতে হবে।</p> <p>২। সংস্থার প্রধান কার্যালয়, জেলা ও উপজেলার ট্রেড প্রশিক্ষণার্থীদের সফটওয়্যার ডাটাবেজ চালুকরণ : বর্তমানে সংস্থার প্রধান কার্যালয়, জেলা ও উপজেলার ট্রেড প্রশিক্ষণার্থীদের ডাটা ম্যানুয়েলি ফাইলের মাধ্যমে সংরক্ষণ করা হয়। সফটওয়্যারের মাধ্যমে ডাটাবেজ চালুকরণ করা হলে প্রশিক্ষণ প্রদানে দ্বৈততা হবে না এবং তাদের যাবতীয় তথ্য ডিজিটাল ভাবে সংরক্ষণ হবে। ফলে অর্থের সাশ্রয় হবে এবং নতুন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে সুযোগ পাবে এ লক্ষ্যে আলোচ্য উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।</p> <p>আলোচ্য উদ্যোগটি বাস্তবায়নের জন্য সংস্থায় নিযুক্ত সহকারী প্রোগ্রাম জনাব ইয়াছির আরাফাতকে ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক মহোদয় পরামর্শ প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত : এ বিষয়ে সংস্থায় নিযুক্ত সহকারী প্রোগ্রাম জনাব ইয়াছির আরাফাতকে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সহ:পরিচালক (প্রশাসন) সহ:পরিচালক (হিসাব ও অর্থ) সহকারী প্রোগ্রামার জাতীয় মহিলা সংস্থা।</p>
<p>৩। জাতীয় মহিলা সংস্থার অনুকূলে উদ্ভাবন খাতে কোড বরাদ্দ এবং অর্থ বরাদ্দ সংক্রান্ত ;</p>	<p>উপপরিচালক মহোদয় জাতীয় মহিলা সংস্থার অনুকূলে উদ্ভাবন খাতে কোড বরাদ্দ এবং অর্থ বরাদ্দ আছে কিনা এসম্পর্কে জানতে চাইলে সংস্থার সহ:পরিচালক (হিসাব ও অর্থ) জনাব মোহাম্মদ আলী চৌধুরী বলেন, সংস্থার চলতি অর্থ বছরে ইনোভেশন খাতে কোন কোড এবং অর্থ বরাদ্দ না থাকায় ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের যাবতীয় ব্যয় নির্বাহ করতে হচ্ছে সংস্থার প্রশিক্ষণ ব্যয় খাত হতে। একই সাথে সংস্থার সংশোধনী বাজেটে ইনোভেশন খাতে কোড নম্বরসহ বরাদ্দ চাওয়া হবে মর্মে তিনি মত প্রকাশ করেন।</p> <p>সিদ্ধান্ত : সংস্থার সংশোধনী বাজেটে ইনোভেশন খাতে কোড নম্বরসহ বরাদ্দ চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	

<p>৪। জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ের কার্যক্রমের উদ্ভাবনী আইডিয়া চেয়ে পত্র প্রেরণ ;</p>	<p>সভায় উপপরিচালক মহোদয় আরও জানান যে, জাতীয় মহিলা সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনায় “স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবানের” বিধান রয়েছে। এক্ষেত্রে সংস্থার মাঠ পর্যায়ের সেবায় উদ্ভাবনী ধারণা আহবান করে সংস্থার জেলা ও উপজেলায় পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। উক্ত জেলা উপজেলার নিকট হতে উদ্ভাবনী আইডিয়াসমূহ নিয়ে পরবর্তীতে তা বাস্তবায়নের সহায়ক হিসেবে গ্রহণ করা যাবে বলে তিনি মত প্রকাশ করেন।</p> <p>সিদ্ধান্ত : জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ের কার্যক্রমের উদ্ভাবনী আইডিয়া চেয়ে দ্রুত সংস্থার জেলা ও উপজেলা শাখায় পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>মূল্যায়ন কর্মকর্তা জামস।</p>
---	--	--------------------------------------

স্বা:

তাহমিনা সুলতানা  
উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা)  
জাতীয় মহিলা সংস্থা ও  
ইনোভেশন টিমের সদস্য।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯.

তারিখ :

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা
- ২। উপপরিচালক, প্রকল্প ও প্রকাশনা/প্রশাসন এবং হিসাব ও অর্থ, জাতীয় মহিলা সংস্থা
- ৩। সহকারী পরিচালক, হিসাব ও অর্থ/ প্রকাশনা/ প্রশাসন/ প্রকল্প/, জামস।
- ৪। সহকারী প্রোগ্রামার, জে,ভি,ম,উ,প্র:, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)
- ৫। প্রশিক্ষক (কম্পিউটার), জে,ভি,ম,উ,প্র:, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)
- ৬। মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৭। পিএ টু নির্বাহী পরিচালক/পরিচালক/উপ পরিচালক-প্রকল্প ও প্রকাশনা/প্রশাসন এবং হিসাব ও অর্থ।
- ৮। অফিস কপি।

*Sultana*  
23.09.2019

তাহমিনা সুলতানা  
উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা)  
জাতীয় মহিলা সংস্থা ও  
ইনোভেশন টিমের সদস্য।